

📃 আস-সাফফাত | As-Saffat | الصيَّافَّات

আয়াতঃ ৩৭:১

💵 আরবি মূল আয়াত:



কসম সারিবদ্ধ ফেরেশতাদের, — আল-বায়ান

শপথ তাদের যারা সারিবদ্ধভাবে দাঁড়ানো, — তাইসিকল

শপথ তাদের যারা সারিবদ্ধভাবে দন্ডায়মান। — মুজিবুর রহমান

By those [angels] lined up in rows — Sahih International

- ১. শপথ তাদের যারা সারিবদ্ধভাবে দণ্ডায়মান ।(১)
 - (১) কাতাদাহ বলেন, আল্লাহ্ তা'আলা তাঁর সৃষ্টির শপথ করেছেন, তারপর আরেক সৃষ্টির শপথ করেছেন, তারপর অপর সৃষ্টির শপথ করেছেন। এখানে কাতারবন্দী দ্বারা ফেরেশতাদেরকে বুঝানো হয়েছে। যারা আকাশে কাতারবন্দী হয়ে আছেন। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(১) তাদের শপথ যারা (যে ফিরিশতারা) সারিবদ্ধভাবে দন্ডায়মান।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3789

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন